

ভাষার ঠিকানা

শিউলি শর্মা

বৃষ্টির পরিভাষা বুঝি
বুঝিনা বৃষ্টির মৌনে
.....ঝরে যখন।

এতকাল ধরে রাখা হাত
জড়িয়ে ধরলেও
নেই রেখা পাত।

টুপ টাপ চলে যাও
বুঝেও বুঝি না,
বুকের ভেতর খুঁজি
ভাষার ঠিকানা।